



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৮ জুলাই ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

## পানছড়ির মরাটিলায় ইউপিডিএফের সাবেক কর্মীকে গুলি করে হত্যার নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অনি চাকমা আজ ১৮ জুলাই ২০২১, রবিবার সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে পানছড়ি উপজেলার মরাটিলায় শাসকগোষ্ঠীর একটি বিশেষ মহলের মদদপুষ্ট সন্ত্রাসী কর্তৃক খল কুমার ত্রিপুরা ওরফে সাগর (২৮) নামে ইউপিডিএফের এক সাবেক কর্মীকে গুলি করে হত্যা ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি অভিযোগ করে বলেন, আজ রবিবার (১৮ জুলাই) সকালে খল কুমার ত্রিপুরা (সাগর) পানছড়ি বাজারে যাওয়ার উদ্দেশ্যে বাড়ি থেকে বের হন। তিনি মরাটিলা দোকানের পাশের রাস্তার ধারে গাড়ির অপেক্ষায় দাঁড়িয়ে ছিলেন। এমন সময় (সকাল ৯টা) পানছড়ি বাজারের দিক থেকে ১০-১২ জনের একদল অস্ত্রধারী সন্ত্রাসী এসে তাকে লক্ষ্য করে এলোপাতাড়ি গুলি করলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

তিনি নিহতের পরিচয় জানিয়ে বলেন, নিহত খল কুমার ত্রিপুরা মরাটিলা গ্রামের অলি মোহন ত্রিপুরার ছেলে। তিনি এক সময় ইউপিডিএফের সাথে যুক্ত ছিলেন। তবে এক বছর আগে তিনি দলীয় কাজ থেকে ইস্তফা দিয়ে নিজেকে পারিবারিক কাজে নিয়োজিত করে সাধারণ জীবন-যাপন করছিলেন।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা উদ্বেগ প্রকাশ করে বলেন, পার্বত্য চট্টগ্রামে শান্তিপূর্ণ পরিবেশকে বিনষ্টের জন্য শাসকগোষ্ঠী আবারো মরিয়া হয়ে উঠেছে। তারা তাদের পালিত সন্ত্রাসীদের লেলিয়ে দিয়ে খুন-খারাবির মাধ্যমে পার্বত্য চট্টগ্রামে অশান্তি জিইয়ে রাখতে চায়।

তিনি অবিলম্বে খল কুমার ত্রিপুরার হত্যাকারীদের গ্রেফতার এবং সন্ত্রাসীদের মদতদান ও আশ্রয়-প্রশ্রয় বন্ধ করার দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।